অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নায়াগ্রা কাউন্টির নিউফেন শহরে 14 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের বন্যার বিরুদ্ধে টেকসইতা বৃদ্ধি প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা দিয়েছেন

ওলকট বন্দরের ন্যাভিগেশন চ্যানেলে চরম আবহাওয়ার প্রভাব প্রশমনে অফশোর ব্রেকওয়াটার এবং পিয়ারে পরিবর্তন স্থাপন করা হয়েছে এবং অ্যাংলারদের নিরাপত্তা উন্নত করা হয়েছে

স্টেটের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ হিসাবে প্রকল্প নির্বাচন করা হয়েছে

গভর্নর হোকল আজকে স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ (Resiliency and Economic Development Initiative, REDI) কর্তৃক নায়াগ্রা কাউন্টির নিউফেন শহরে প্রদত্ত একটি 14 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের স্থিতিশীলতা প্রকল্পের নির্মাণ কাজ শেষের ঘোষণা দিলেন। অন্টারিও লেকের দক্ষিণ উপকূলে অবস্থিত ওলকট বন্দর একটি গুরুত্বপূর্ণ বিনোদনমূলক বন্দর। বন্দর এরিয়ার মধ্যে রয়েছে নিউফেন মারিনা শহর, ওলকট ইয়ট ক্লাব, হেডলি বোট কোম্পানি, ম্যাকডোনাগ মেরিন এবং অনেক প্রাইভেট হোম। 2017 এবং 2019 সালে, বন্দরের প্রবেশপথ বন্যা, বায়ু তাড়িত ঢেউ এবং ন্যাভিগেশন চ্যানেলে পলি জমা হওয়ার কারণে বিপর্যস্ত হয়েছিল। উচ্চ পানির স্তর, ঢেউয়ের ক্ষতি এবং নতুন পলি জমা হওয়া বড় এবং ছোট বিনিদনমূলক জলযানকে বন্দরে নিরাপদে আশ্রয় নিতে এবং চলাচল করতে বাধা দেয়।

"জলবায়ু পরিবর্তন এমন একটি বাস্তবতা যাকে অগ্রাহ্য করার ক্ষমতা আমাদের নেই এবং নিউ ইয়র্ক সেই চ্যালেঞ্জকে সরাসরি মোকাবেলা করছে। এই প্রচেষ্টার অংশ হিসাবে, আমরা তীররেখার সম্প্রদায়গুলির পুনর্নির্মাণ, পুনর্কল্পনা এবং সুরক্ষার জন্য কাজ করছি যারা 2019 সালের জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত হয়েছিল," **গভর্নর হোকল বলেন।** "কৌশলগত অবকাঠামো বিনিয়োগের মাধ্যমে এবং স্থানীয় সরকারের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, আমরা নেউফেন শহরের ব্রেকওয়াটার প্রকল্পের মত বহুল প্রতীক্ষিত বন্যা প্রশমন প্রকল্প বাস্তবায়িত হতে দেখছি। স্টেট এবং স্থানীয় সরকার একসাথে কাজ কোলে কী অর্জন করা সম্ভব, এই সম্পন্ন প্রকল্প তার প্রমাণ।"

নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব এবং REDI বিনিয়োগের সমর্থনে নিউফেন শহর অফশোর ব্রেকওয়াটার নির্মাণ প্রকল্প সম্পন্ন করতে এবং পূর্ব এবং পশ্চিম পিয়ারের উল্লেখযোগ্য পরিবর্তন করতে সক্ষম হয়, যার ফলে বন্দরের প্রবেশ পথে চরম আবহাওয়ার ক্ষতিকারক প্রভাব প্রশমন

করতে সহায়তা হয়, যার ফলশ্রুতিতে নৌযান চালক, স্থানীয় ব্যবসা এবং সরকারি/বেসরকারি সম্পত্তি সুরক্ষিত থাকবে যা স্থানীয় বিনোদন/স্পোর্ট-ফিশিং নির্ভর অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পাশাপাশি, যেহেতু ওলকট পিয়ার এবং এইটিনমাইল ক্রিকের মুখ অ্যাংলারদের কাছে নিউ ইয়র্কের সবচেয়ে জনপ্রিয় স্পোর্ট-ফিশিং এলাকা - যাদের অনেকেরই নৌকা নেই - তাই পিয়ারের পরিবর্তনে অ্যাংলারদের নিরাপত্তা বৃদ্ধি করার জন্য এবং মাছ আকর্ষণের জন্য বিশেষ নকশা যোগ করা হয়েছে।

প্রকল্পে যেসব টেকসইতা পদক্ষেপ নেওয়া হয়েছে সেগুলির মধ্যে রয়েছে একটি অফশোর গোলাকৃতির পাথর দিয়ে ঢাকা ব্রেকওয়াটার নির্মাণ যা লম্বায় প্রায় 350 ফুট এবং প্রবেশপথে এবং ওলক্ট বন্দর ন্যাভিগেশন চ্যানেলে ঢেউ এবং পলি কমানোর জন্য পূর্ব এবং পশ্চিম পিয়ারের সম্প্রসারণ, যা বন্যা এবং তীররেখার ক্ষয় প্রতিরোধ করবে এবং পাশাপাশি ন্যাভিগেশনকে আরও সহজ করবে এবং বছরজুড়ে আরও লম্বা সময়ের জন্য উপলভ্য করবে।

গভর্নর হোকল আজ আরও ঘোষণা করেছেন যে ওলকট বন্দরের ড্রেজিং নভেম্বরে করা হবে, স্টেটের 15 মিলিয়ন মার্কিন ডলারের REDI আঞ্চলিক ড্রেজিং প্রকল্পের (REDI Regional Dredging Project) অংশ হিসাবে। ড্রেজিং কাজ যা নিউফেন শহরের ব্রেকওয়াটার প্রকল্প থেকে ঢেউয়ের বিপরীতে করা হবে, তা জলপথের নিচে জমে থাকা পলি অপসারণ করবে এবং বন্দরকে নিরাপদ রাখবে এবং জলযান চলাচল নিরাপদ করবে। ড্রেজিং ফ্লিটে একটি জিপিএস থাকবে যাতে একটি বার্জ থেকে লাগানো হাইড্রলিক খননযন্ত্র থাকবে, যা আনুমানিক 1,600 ঘন গজ অপসারণ করবে। অপসারিত পলি ট্রাকে পানি অপসারণের জন্য বোঝাই করে অস্থায়ী সময়ের জন্য মেরিনাতে জমা রাখা হবে। পানি অপসারণের পর, পলিগুলিকে পরবর্তী সময়ে ব্যবহারের জন্য নিউফেন শহরের একটি পরিষেবায় স্থানান্তর করা হবে।

আজ পর্যন্ত, স্টেট 14টি REDI ড্রেজিং প্রকল্প সম্পন্ন করেছে এবং প্রায় 61,000 ঘন গজ পলি অপসারণ করে বিনোদনমূলক নৌযান চালকদের লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীতে নিরাপদ চলাচলের ব্যবস্থা করেছে। সমাপ্ত হওয়া ড্রেজিং প্রকল্পগুলোর মধ্যে ওয়েইন কাউন্টিতে পোর্ট বে, ব্লাইন্ড সোডাস বে, ইস্ট বে, বিয়ার ক্রিক ও পুল্টনেভিল, ওসওয়েগো কাউন্টিতে স্যান্ডি পন্ড ইনলেট ও স্যামন নদী/পোর্ট অন্টারিও, মনরো কাউন্টিতে আয়রনডেক্যুইট বে ও ব্র্যাডক বে, কায়ুগা কাউন্টিতে লিটল সোডাস বে, নায়াগ্রা কাউন্টিতে গোল্ডেন হিল স্টেট পার্ক, অরলিন্স কাউন্টিতে ওক অরচার্ড এবং জেফারসন কাউন্টির হেন্ডারসনে "দ্যা কাট" অন্তর্ভুক্ত রয়েছে। ড্রেজিং সংক্রান্ত সব ক্রিয়াকলাপ অনুকূল আবহাওয়া ও জলপথের অবস্থার উপর নির্ভরশীল।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Department of Environmental Conservation) এবং REDI এর কমিশনার সহ-সভাপতি বেসিল সেগোস বলেন, "গভর্নর হোকলের অটল সমর্থনের কল্যাণে, স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ নিউফেন শহরের মত বন্যা প্রবণ সম্প্রদায়ের সাথে কাজ করছে যাতে আমাদের অবকাঠামো পুনর্কল্পনা করা যায় এবং আমাদের সম্প্রদায়ের সম্পদগুলি পুনর্নির্মাণ করা যায়। ওলকট বন্দর ব্রেকওয়াটার প্রকল্প এই সম্প্রদায়ে অর্থনৈতিক উন্নতি বৃদ্ধির পাশাপাশি তীররেখা বরাবর বসবাসকারী বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়ন করবে।"

স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসেইড বলেন, "বিনোদনমূলক নৌযান চালনা এবং মাছ ধরা লেক অন্টারিও সম্প্রদায়গুলির স্থানীয় ট্যুরিজম অর্থনীতি এবং জীবনযাত্রার মানের জন্য গুরুত্বপূর্ণ। নিউফেন শহরে ওলকট বন্দর সুরক্ষায় যে কাজ করা হয়েছে তা আরও নিরাপদ এবং উপভোগ্য গন্তব্য হিসাবে লেক অন্টারিওকে বাসিন্দা এবং দর্শনার্থীদের কাছে জনপ্রিয় করে তুলবে।"

ডরমিটরি অথরিটি অব নিউ ইয়র্ক স্টেট (Dormitory Authority of New York State) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রুবেন ম্যাকড্যানিয়েল III বলেন, "ওলকট বন্দরের মত ঐতিহাসিক সম্পদকে উল্লেখযোগ্য জলবায়ুর ক্ষতি থেকে রক্ষা করার জন্য গভর্নর হোকলের লক্ষ্যকে সমর্থন করতে পেরে DASNY গর্বিত।বন্দরটি নিউফেন শহরের বাসিন্দা, নায়াগ্রা কাউন্টির ব্যবসা এবং নিউ ইয়র্ক এবং আরও দূর থেকে ঘুরতে আসা দর্শনার্থীদের জন্য একটি অনন্য এবং গুরুত্বপূর্ণ স্থান, এখন এবং ভবিষ্যতেও তা থাকবে।"

নিউ ইয়র্ক স্টেটে অফিস অফ জেনারেল সার্ভিসেসের (New York State Office of General Services) ভারপ্রাপ্ত ডেপুটি নির্বাহী কমিশনার রস্লিন ওয়াট্রোবস্কি বলেন, "লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী অঞ্চলের REDI প্রকল্পের কাজ শেষ হওয়ার ব্যাপারে আমাদের নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় সরকারের অংশীদারগণ গর্বিত হতে পারে। এই অতীব গুরুত্বপূর্ণ কাজ অর্থনীতিকে উন্নত করবে, আমাদের পরিবেশকে রক্ষা করবে এবং ভবিষ্যতের বন্যার বিরুদ্ধে সুরক্ষা প্রদান করবে।"

সিনেটর রবার্ট ওর্ট বলেন, "যারা ওলকট বন্দরের আশেপাশে থাকেন এবং কাজ করেন তারা লেক অন্টারিওর জলোচ্ছ্বাস যে ধ্বংসযজ্ঞ বয়ে আনতে পারে তার সাথে সুপরিচিত। 2019 সাল থেকে স্থানীয় বাসিন্দা এবং সরকারি কর্মকর্তাগণ নিউ ইয়র্ক স্টেট এবং REDI কমিশনের সাথে কাজ করেছে যাতে নিরাপত্তা এবং প্রশমন পদক্ষেপ নেওয়া নিশ্চিত করা যায় যাতে অতীতে আমরা যেরূপ ক্ষয়ক্ষতি দেখেছি তা প্রতিরোধ করা যায়। এই অতীব প্রয়োজনীয় প্রকল্পের কাজ শেষ হওয়ায় আমি উদ্বেলিত এবং যারা এই প্রকল্পকে বাস্তবায়নের সাথে জড়িত ছিল তাদের সবাইকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলিম্যান মাইকেল নোরিস বলেন, "আমি গভর্নর হোকল এবং লেক অন্টারিওর স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ কমিশনের সাথে এই গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলিতে এবং তহবিল সংগ্রহে কাজ করতে পেরে গর্বিত যা আমাদের তীররেখাকে শক্তিশালী করবে এবং আমাদের বাসিন্দা, ব্যবসা এবং সম্প্রদায়ের সম্পদগুলিকে ভবিষ্যতের উচ্চ পানির স্তর থেকে রক্ষা করবে। ওলকট মারিনা প্রকল্প নিউফেন মারিনা শহর, ওলকট ইয়ট ক্লাব, হেডলি বোট কোম্পানি, ম্যাকডোনাহ মেরিন এবং অনেক বেসরকারি বাসভবন রক্ষা করতে সহায়তা করবে। এটি সত্যি একটি রূপান্তরমূলক প্রকল্প যা ভবিষ্যতের প্রজন্মের পর প্রজন্ম ধরে ইতিবাচক প্রভাব ফেলবে। আমি গভর্নর হোকল, সিনেটর অর্ট, টাউন সুপারভাইজার টিম হোরানবার্গ এবং আরও অনেক স্থানীয় এবং স্টেট কর্মকর্তা জাতা এই মূল অর্থনৈতিক এবং ট্যুরিজম বিনিয়োগকে বাস্তবায়ন সম্ভব করছেন তাদেরকে তাদের সহযোগিতা এবং লেগে থাকার জন্য সাধুবাদ জানাই।"

নায়াগ্রা কাউন্টির লেজিস্লেচারের চেয়ারম্যান রেবেকা উইডিশ বলেন, "ওলক্ত বন্দর ব্রেকওয়াটার প্রকল্প REDI প্রকল্পের সত্তাকে ধারণ করে, যেহেতু আমরা কেবল লেক অন্টারিওর বন্যার কারণে হওয়া ক্ষয়ক্ষতি মেরামত করছি না, বরং আমরা এই সুযোগকে কাজে লাগিয়ে ভবিষ্যৎ নির্মাণ করছি এবং নতুন সম্ভাবনা তৈরি করছি। আশা করা যায় যে র ফলাফলে আরও বড় ন্যাভিগেশন মৌসুম এবং অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি পাবে।আমি আমার সহকর্মী, লেজিস্লেটর জন সিরাকিউস এবং নিউফেন সুপারভাইজার টিম হোরানবার্গকে স্মরণ করতে চাই যারা ব্রেকওয়াটার প্রকল্প বাস্তবায়নে খুব কাছে থেকে স্টেট কর্মকর্তাদের সাথে কাজ করেছেন।এবং এই প্রকল্পের ঠিকাদার এবং কর্মীরা, আপনারা একটি অবিশ্বাস্য কাজ করেছেন।"

নিউফেন শহরের সুপারভাইজার টিম হোরানবার্গ বলেন, "ওলকট বন্দর বহু বছর ধরে পানির স্তরের উচ্চতা বৃদ্ধি এবং মারাত্মক ঢেউয়ের কারণে নেতিবাচকভাবে প্রভাবিত হয়েছে। 2019 সালের ঐতিহাসিক বন্যা বন্দরটিকে বিধ্বস্ত করে ফেলে। স্টেটের REDI প্রকল্পের মাধ্যমে আমরা অবশেষে এই গুরুত্বপূর্ণ ব্রেকওয়াটার নির্মাণ করতে পেরেছি যা আমাদের বাসিন্দা, এবং তীররেখা বরাবর ব্যবসাগুলিকে প্রতিরক্ষা করবে এবং যার ফফলে ওলকট বন্দর নৌযান চালকদের জন্য একটি নিরাপদ নিসর্গ হওয়া অব্যাহত রাখবে। আমি গভর্নর হোকলকে ব্রেকওয়াটার প্রকল্পের জন্য তার অনড় সমর্থন এবং নিউফেন শহরের মত লেক অন্টারিওর তীররেখার সম্প্রদায়ের প্রতি তার অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-এর মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর বন্যা প্রবণ অঞ্চলের টেকসইতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 85টি নকশা পর্যায়ে, 20টি নির্মাণ পর্যায়ে, এবং 29টি প্রকল্প শেষ হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418